ইত্তেফাক

তারিখ 5.12.79

পৃষ্ঠা ... কলাম ...

129

# শিক্ষা সংকোচন নীতির প্রতিবাদে ছাত্রসভা

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথমবর্ষ সম্মান শ্রেণীতে সিটসংখ্যা হ্রাস, সরকারের শিক্ষা সংকোচন নীতি এবং শিক্ষাঙ্গনে নৈরাজ্যের বিরুদ্ধে প্রতিবাদ জানাইয়া গত সোমবার সকাল ১১টায় বটতলায় 'ডাকসুর উদ্যোগে এক ছাত্রসভা অনুষ্ঠিত হয়। ডাকসুর সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্নার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বক্তৃতা করেন ডাকসুর সাধারন সম্পাদক জনাব আক্তারুজ্জামান, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সাধারণ সম্পাদক জনাব মোস্তাফিজুর রহমান এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের সহ-সভাপতি জনাব মাজহারুল হক শাহ চৌধুরী। ছাত্র নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর সিটসংখ্যা হ্রাস না করার জন্য কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। সভায় গৃহীত এক প্রস্তাবে বিশ্ববিদ্যালয়ে সিটসংখ্যা বৃদ্ধি, ভর্তির পূর্বযোগ্যতা হিসাবে তৃতীয় বিভাগে সর্বনিম্ন ৪৩০ নম্বরের শর্ত শিথিল করিয়া তৃতীয় বিভাগ নির্ধারিত করা, সংশ্লিষ্ট বিষয়ে শতকরা ৪৫ ভাগ নম্বরের শর্ত শিথিল করাসহ ৭টি দাবী জানান হয়। সভাশেষে একটি মিছিল ভাইস-চান্সেলরের অফিসে গমন করে এবং ছাত্র নেতৃবৃন্দ উল্লিখিত দাবীদাওয়া সম্বলিত একটি স্মারকলিপি তাঁহার নিকট অর্পণ করেন।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মিঃ নিতাই দাস ও সাধারন সম্পাদক জনাব মোহাম্মদ নূর আলী এক যুক্ত বিবৃতিতে অনুরূপ দাবী জানান।